



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
www.jessoreboard.gov.bd
কলেজ অনুমোদন শাখা



স্মারক নম্বর: ৩৭.১১.৪০৪১.৪০০.৩১.০০৮.২০.১৬

তারিখ: ২৯ জ্যৈষ্ঠ ১৪২৯

১২ জুন ২০২২

বিষয়: জনাব শিমুল আক্তার সহকারী শিক্ষক, ব্যবসায় শিক্ষা, যদুনাথ মডেল স্কুল এন্ড কলেজ, দশানী, বাগেরহাট-এর চূড়ান্ত বরখাস্তের আবেদন অনুমোদন করা প্রসঙ্গে

সূত্র: ক) অধ্যক্ষের ১৭-০৬-২০১৯ খ্রি. তারিখের আবেদন

খ) আপিল এন্ড আর্বিট্রেশন কমিটির গত ১৬-০৫-২০২২ খ্রি. তারিখের ৭৩ তম সভার সিদ্ধান্ত

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, বাগেরহাট জেলার সদর উপজেলাধীন যদুনাথ মডেল স্কুল এন্ড কলেজের ব্যবসায় শিক্ষা শাখার সকারী শিক্ষক জনাব শিমুল আক্তার ২০১৫ সালে "ইনডেক্স নম্বর ও নন এমপিও" প্রতিষ্ঠানে চাকুরীতে আবেদনের সময় নিবন্ধনের জাল সনদ প্রদান করেন মর্মে অধ্যক্ষ অভিযোগ করেন। অধ্যক্ষ জানান, বিষয়টি এনটিআরসিএ পত্র নং-বেশিনিক/শিশি/সনদ যাচাই সকল/ ৭৮২ /২০১৭/১৭ তাং- ১২/০৯/১৭ খ্রি. এর মাধ্যমে অত্র প্রতিষ্ঠানকে অবহিত করার পর তাকে কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়। জবাবে তিনি তার সনদ সঠিক মর্মে দাবী করেন। পুনরায় এনটিআরসিএ-তে বিষয়টি পত্র নং অধ্যক্ষ গোপনীয় ১২/২০১৮ তারিখ : ২৭-১০-২০১৮ খ্রি. এর মাধ্যমে জানানোর পরও এনটিআরসিএ থেকে কোন উত্তর পাওয়া যায়নি।

গর্ভনিং বডি'র সিদ্ধান্ত অনুযায়ী সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষ তাকে চাকুরী হতে চূড়ান্তভাবে বরখাস্ত করার লক্ষ্যে কলেজ কর্তৃপক্ষ বোর্ডের আপিল এন্ড আর্বিট্রেশন কমিটিতে ১৭-০৬-২০১৯ খ্রি. তারিখে আবেদন করেন। কলেজ কর্তৃপক্ষের আবেদনের বিষয়টি এ বোর্ডের আপিল এন্ড আর্বিট্রেশন কমিটির গত ১৬-০৫-২০২২ খ্রি. তারিখের ৭৩ তম সভায় উপস্থাপন করা হয়। উক্ত সভায় বাদী ও বিবাদী উপস্থিত ছিলেন। উভয় পক্ষের উপস্থিতিতে অভিযুক্ত শিক্ষকের বিরুদ্ধে আনীত অভিযোগের বিষয়টি বিশদভাবে পর্যালোচনা করা হয়। অধ্যক্ষ জানান যে, সাময়িক বরখাস্তকৃত সহকারী শিক্ষক জনাব শিমুল আক্তার দীর্ঘদিন যাবত কলেজে অনুপস্থিত আছেন। তিনি চাকুরী হতে স্বেচ্ছায় পদত্যাগ করেছেন মর্মে সভাকে অবগত করেন। এছাড়া জনাব শিমুল আক্তার স্বীকার করেন যে, তার এনটিআরসিএ সনদটি জাল। এনটিআরসিএ পত্র নং-বেশিনিক/শিশি/সনদ যাচাই সকল/ ৭৮২ /২০১৭/১৭ তাং- ১২/০৯/১৭ এবং বিবাদী নিজে জাল সনদের কথা স্বীকার করায় ৭২ তম সভার ২/৪ নং সিদ্ধান্ত অধিকতর পর্যালোচনা করে কলেজের স্বার্থে এবং ন্যায় বিচারের স্বার্থে বাগেরহাট জেলার সদর উপজেলাধীন যদুনাথ মডেল স্কুল এন্ড কলেজের ব্যবসায় শিক্ষা শাখার সকারী শিক্ষক জনাব শিমুল আক্তার-এর চূড়ান্ত বরখাস্তের প্রস্তাব অনুমোদন করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

এমতাবস্থায়, গত ১৬-০৫-২০২২ খ্রি. তারিখের এ বোর্ডের আপিল এন্ড আর্বিট্রেশন কমিটির ৭৩ তম সভার সিদ্ধান্ত মোতাবেক বাগেরহাট জেলার সদর উপজেলাধীন যদুনাথ মডেল স্কুল এন্ড কলেজের ব্যবসায় শিক্ষা শাখার সহকারী শিক্ষক জনাব শিমুল আক্তার-এর চাকুরী হতে চূড়ান্ত বরখাস্ত অনুমোদনের আবেদন মঞ্জুর করা হলো।

১২-৬-২০২২

কে এম রক্বানী

কলেজ পরিদর্শক

সভাপতি, গভর্নিং বডি, যদুনাথ মডেল স্কুল এন্ড কলেজ
বাগেরহাট সদর, বাগেরহাট

ফোন: ০২৪৭৭৭৬২৬৯৮

ইমেইল: ic@jessoreboard.gov.bd

স্মারক নম্বর: ৩৭.১১.৪০৪১.৪০০.৩১.০০৮.২০.১৬/১(৬)

তারিখ: ২৯ জ্যৈষ্ঠ ১৪২৯
১২ জুন ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, বাগেরহাট
- ২) জেলা শিক্ষা কর্মকর্তা, জেলা শিক্ষা অফিস, বাগেরহাট
- ৩) সিনিয়র সিস্টেম এনালিস্ট, কম্পিউটার বিভাগ, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ৪) অধ্যক্ষ, যদুনাথ মডেল স্কুল এন্ড কলেজ, বাগেরহাট সদর, বাগেরহাট
- ৫) জনাব শিমুল আক্তার, সকারী শিক্ষক, ব্যবসায় শিক্ষা, যদুনাথ মডেল স্কুল এন্ড কলেজ, বাগেরহাট সদর, বাগেরহাট
- ৬) সেকশন অফিসার, কলেজ অনুমোদন শাখা, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর



১২-৬-২০২২

কে এম রব্বানী

কলেজ পরিদর্শক